

পড়ব বই গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা



...

সভাপতি এ জে এম আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ ১৬-০৫-২০২০
সভার সময় সকাল ১০.০০ টা
স্থান অফিস কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট - "ক" কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান)কে সভার আলোচ্যতব্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভার শুরুতে পূর্ববর্তী সভার (২৪-০৩-২০২০) কার্যবিবরণী সঠিক হওয়ায় সংশোধনী ছাড়াই দৃষ্টিকরণ করা হয়।

পূর্ববর্তী মাসের সিদ্ধান্ত অনুযায়ী অগগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয়াবলীর উপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| নং | কার্যসমূহ | বাস্তবায়ন সম্পর্কিত তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|----|-----------|---------------------------|-----------|-------------|
|----|-----------|---------------------------|-----------|-------------|

| | | | | |
|------------|--|---|--|--|
| <p>০১.</p> | <p>গণগ্রন্থাগার অধিদপ্তরের আগামী ২০২০-২০২১ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তির) খসড়া প্রণয়ন করা ।</p> | <p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মেইলে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তরের আগামী অর্থবছরের (২০২০-২০২১) এপিএ প্রস্তুত করণের লক্ষ্যে নির্ধারিত কাঠামোর বিভিন্ন বিষয় নিয়ে সভায় আহ্বায়ক মহোদয় জানতে চান । সদস্য-সচিব জানান, বর্তমানে করোনাজনিত কারণে ১৮-০৩-২০২০ হতে সকল গ্রন্থাগারের পাঠকক্ষ বন্ধ থাকায় পাঠক উপস্থিতিসহ ইন্টারনেটব্যবহারীর সংখ্যা , বিভিন্ন অনুষ্ঠান, ওয়ার্কশপ/ সেমিনার ও অন্যান্য কার্যক্রম কম হওয়ায় ২০১৯-২০২০ অর্থবছরে অর্জন (৩য় কোয়ার্টার) অনেক কম হয়েছে এবং এপ্রিল- জুন পর্যন্ত (৪র্থ কোয়ার্টার) রিপোর্ট শূন্য হতে পারে । পরবর্তীতে সভায় সভাপতি মহোদয় জানান যে, অর্জন যা হয়েছে তা দিয়ে ২০২০-২০২১ অর্থবছরের এপিএ প্রস্তুত করতে হবে । সভায় সকলে এ বিষয় একমত পোষণ করেন ।</p> | <p>২০১৯-২০২০ অর্থবছরে অর্জন ৩য় কোয়ার্টার পর্যন্ত অর্জন যা হয়েছে তা দিয়ে ২০২০-২০২১ অর্থবছরের এপিএ প্রস্তুত করতে হবে</p> | <p>লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক ফোকাল পয়েন্ট কর্মকর্তা</p> |
|------------|--|---|--|--|

| | | | | |
|-----|--|---|---|--|
| ০২. | মাঠ পর্যায়ের প্রাপ্ত আগামী ২০২০-২০২১ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ) যাচাইবাচাই করা | মাঠ পর্যায়ের প্রাপ্ত আগামী ২০২০-২০২১ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ) সমূহের মধ্যে যাদের পাওয়া যায়নি তাদেরকে ফোনে তাগিদ দিয়ে সরবরাহ করার জন্য আলোচনা হয় এবং জুন মাসের ২০ তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয়ের সাথে মাঠ পর্যায়ের গ্রন্থাগারের সাথে চুক্তি সম্পন্ন করতে হবে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মহাপরিচালক মহোদয়ের সাথে ২০২০-২০২১ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ) মাঠ পর্যায়ের গ্রন্থাগারের সাথে চুক্তি ২০-৬-২০২০ এর মধ্যে সম্পন্ন করা। | লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
|-----|--|---|---|--|

৩। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এ জে এম আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.১৬.০০৪.১৮.৮২

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৭

১৬ মে ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) কম্পিউটার অপারেটর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৮) জুনিয়র লাইব্রেরিয়ান, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৯) লাইব্রেরি সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক